

## একশত টাকা

খএ৩ ২৭০৩১৭৯

### চুক্তিপত্র

এই চুক্তিপত্র ২০২২ খ্রিষ্টাব্দে জুন মাসের ১২ তারিখে নিম্নোক্ত পক্ষদ্বয়ের মধ্যে সম্পাদিত হলো।

প্রথম পক্ষ: উপজেলা নির্বাহী অফিসার

১। জনাব উম্মে কুলসুম সম্পা, উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, বগুড়া।

দ্বিতীয় পক্ষ: উপজেলা ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা

১। জনাব নারায়ন চন্দ্র, পিতা: শ্রী কান্ত চন্দ্র, মাতা: শ্রীমতী কাজলী রানী, গ্রাম: বানাইল, ওয়ার্ড: ০৭, ডাকঘর: শিবগঞ্জ, উপজেলা: শিবগঞ্জ, জেলা: বগুড়া।

(উপজেলা নির্বাহী অফিসার ও উদ্যোক্তা পরিবর্তন হলে তাদের স্ব স্ব প্রতিনিধিদের উপর এই চুক্তিনামার শর্তাবলী প্রযোজ্য হবে)

### চুক্তির শর্তসমূহ:

- ১। প্রথম পক্ষ উপজেলা ডিজিটাল সেন্টার স্থাপনের জন্য পরিষদ ভবনে একটি উপযুক্ত কক্ষ, প্রয়োজনীয় উপকরণ ও বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করবে। পরিষদের ভবন তৈরি না হয়ে থাকলে নিকটস্থ কোন ভবনে কক্ষ ভাড়া করে ডিজিটাল সেন্টার স্থাপন করা যাবে। উপজেলা পরিষদ এ ভাড়া পরিশোধ করবে।
- ২। প্রথম পক্ষ উপজেলা ডিজিটাল সেন্টারে নতুন নতুন সেবা যুক্ত করার ক্ষেত্রে উদ্যোক্তাদের প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।
- ৩। প্রথম পক্ষ উপজেলা ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা নির্বাচন করবে এবং নিয়োগ প্রদান করবে। তবে যে সকল উদ্যোক্তা দীর্ঘদিন ধরে কর্মরত আছে তাদেরকে বহাল রাখতে হবে। উদ্যোক্তা পরিবর্তনের ক্ষেত্রে উপজেলা নির্বাহী কর্মকর্তা/জেলা প্রশাসক এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। উদ্যোক্তা উপজেলা নির্বাহী কর্মকর্তা/জেলা প্রশাসকের সিদ্ধান্তে সন্তুষ্ট না হলে স্থানীয় সরকার বিভাগের নিকট আপীল আবেদন করতে পারবে। উদ্যোক্তার আপীল আবেদন স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নিষ্পত্তি হবে। নতুন উদ্যোক্তা নিয়োগের ক্ষেত্রে বিকল্প উদ্যোক্তা হিসেবে কর্মরত উদ্যোক্তা অগ্রাধিকার পাবেন।
- ৪। প্রথম পক্ষ উপজেলা নির্বাহী অফিসারের সাথে উদ্যোক্তার এই চুক্তির মেয়াদ হবে ০৫ (পাঁচ) বছর।
- ৫। দ্বিতীয় পক্ষ উদ্যোক্তা ডিজিটাল সেন্টার পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনীয় বিনিয়োগ নিশ্চিত করবে। ডিজিটাল সেন্টারের উপকরণ রক্ষণাবেক্ষণ ও মেরামতের ব্যবস্থা করবে।
- ৬। দ্বিতীয় পক্ষ উদ্যোক্তা স্থানীয় পর্যায়ের বাণিজ্যিক সেবার চাহিদা নির্ধারণ, যুক্তকরণ এবং সেবা সম্পর্কে প্রচার প্রচারণামূলক কর্মসূচি পরিচালনা করবে।

“দেশপ্রেমের শপথ নিব, দুর্নীতিকে বিদায় দিন”


## একশত টাকা

খএঃ ২৭০৩১৮০


পাতা নং-০২

- ৭। দ্বিতীয় পক্ষ উদ্যোক্তা দৈনিক সেবা প্রদানের তথ্য ও আয়-ব্যয়ের হিসাব ডিজিটাল সেন্টার ম্যানেজমেন্ট সিস্টেমে (ডিসিএসএস) নিয়মিত আপলোড করবে।
- ৮। দ্বিতীয় পক্ষ ডিজিটাল সেন্টার ব্লগের সদস্য হয়ে নিয়মিত অন্যান্য উদ্যোক্তাদের সাথে যোগাযোগ রক্ষা করবে। ব্লগে ডিজিটাল সেন্টারের সফলতা, সম্ভাবনা ও চ্যালেঞ্জ সম্পর্কে আলোচনা করবে এবং অন্য উদ্যোক্তাদের সহযোগিতা গ্রহণে ডিজিটাল সেন্টারকে একটি শক্তিশালী প্রতিষ্ঠানে পরিণত করতে উদ্যোগী হবে।
- ৯। দ্বিতীয় পক্ষ উদ্যোক্তা বিদ্যুৎ ও অন্যান্য সার্ভিসের মাসিক বিল যথাযথ কর্তৃপক্ষকে নিয়মিত পরিশোধ করবে।
- ১০। দ্বিতীয় পক্ষ উদ্যোক্তা কোন বেতনভুক্ত কর্মচারী হবে না। ডিজিটাল সেন্টার থেকে সেবা প্রদান করে উপার্জিত অর্থ আয় হিসেবে গণ্য হবে। এই আয় পুরুষ ও নারী উদ্যোক্তাদের মধ্যে সমভাবে বন্টিত হবে।
- ১১। দ্বিতীয় পক্ষ উদ্যোক্তা পরিবর্তন হলে বিকল্প উদ্যোক্তা ডিজিটাল সেন্টারে পরিচালনা করবে।
- ১২। ডিজিটাল সেন্টার বিষয়ে সরকারের নির্দেশনা উপজেলা পরিষদ ও উদ্যোক্তা যথাযথভাবে পালন করবে।
- ১৩। প্রথম পক্ষ উপজেলা পরিষদ এবং দ্বিতীয় পক্ষ উদ্যোক্তা স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারীকৃত পরিপত্র এবং এটুআই প্রকল্প কর্তৃক প্রণীত ডিজিটাল সেন্টার পরিচালনার নীতিমালার আলোকে কার্যক্রম বাস্তবায়ন করবে।
- ১৪। দ্বিতীয় পক্ষ উদ্যোক্তা কোন প্রকার রাষ্ট্রবিরোধী কার্যক্রমের সাথে যুক্ত হলে দেশের প্রচলিত আইন অনুযায়ী স্থানীয় প্রশাসন-প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

উপজেলা নির্বাহী অফিসারের স্বাক্ষর ও তারিখ:

  
(উম্মে কুলসুম সম্পা)  
উপজেলা নির্বাহী অফিসার  
শিবগঞ্জ, বগুড়া।  
উম্মে কুলসুম সম্পা  
উপজেলা নির্বাহী অফিসার  
শিবগঞ্জ, বগুড়া

উদ্যোক্তার স্বাক্ষর ও তারিখ:

  
নারায়ন চন্দ্র, উদ্যোক্তা  
২৭/০৩/২০২২

উপপরিচালক (স্থানীয় সরকার) এর স্বাক্ষর ও তারিখ:

“দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন”

চলমান পাতা-০৩

## একশত টাকা

খণ্ড ২৭০৩১৮১

পাতা নং-০৩

### অঙ্গীকারনামা

আমি উম্মে কুলসুম সম্পা, উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, বগুড়া। এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, উপজেলা ডিজিটাল সেন্টারে কর্মরত উদ্যোক্তা জনাব নারায়ন চন্দ্র কে বর্তমান উপজেলা ডিজিটাল সেন্টারে বহাল রাখিব এবং তার কার্যক্রম পরিচালনায় সার্বিক সহায়তা প্রদান করিব।

স্বাক্ষর.....

উম্মে কুলসুম সম্পা  
উপজেলা নির্বাহী অফিসার  
শিবগঞ্জ, বগুড়া।

আমার উপস্থিতিতে এই অঙ্গীকার প্রদান করা হয়েছে

উপপরিচালক (স্থানীয় সরকার) এর স্বাক্ষর ও তারিখ

“দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন”